# যুগান্তর

তারিখ ...MAR 2015...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# ঢাবিতে ৫টি ককটেল বিস্ফোরণে পুলিশসহ আহত তিন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা হরতালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েক স্থানে, ককটেল বিস্ফোরণ ঘটেছে। এতে পুলিশের দুই কনস্টেবলসহ তিনজন আহত হয়েছেন। সোমবার রাতে স্যার এএফ রহমান হল ও টিএসসিতে এ ঘটনা ঘটে। আহতরা হলেন কনস্টেবল সিদ্দিক মিয়া ও ইসহাক আলী এবং রিকশাচালক আবু কালাম।

এদের মধ্যে কনস্টেবল সিদ্দিক মিয়ার বুকে ককটেলের স্প্লিন্টারের আঘাত লেগেছে। আহত অবস্থায় তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।

নীলক্ষেত পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. ওহিদুজ্জামান জানান, সোমবার রাত ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের এএফ রহমান হলের পাশে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং প্রেসের সামনে দুর্বৃত্তরা পরপর কয়েকটি ককটেল বিস্ফোরণ ঘটায়। এতে সিভিল ড্রেসে থাকা নীলক্ষেত পুলিশ ফাঁড়ির দুই কনস্টেবল আহত হন।

পরে তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, মোট চারটি ককটেলের বিস্ফোরণ হয়েছে।

অন্যদিকে সন্ধ্যা ৭টার দিকে টিএসসিতে ১টি ককটেল বিস্ফোরণ ঘটায় দুর্বৃত্তরা। এতে এক রিকশাচালক আহত হন। পরে উপস্থিত লোকজন তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেন। তবে এসব ঘটনায় কাউকে আটক করতে পারেনি আইনশৃংখলা বাহিনী।